জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর

সংশোধিত

স্মারক নং-জাতীঃবিঃ/পরীঃ/৩য় বর্ষ অনার্স (বিশেষ)/২০১৬/২০১৭/১০৭৭ তারিখ ঃ ৩০ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ
১৪ নভেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

তৃতীয় বর্ষ অনার্স (বিশেষ) পরীক্ষা-২০১৬

OMR ও উত্তরপত্র প্যাকেট/বান্ডেল প্রস্তুতকরণ ও আনুষঙ্গিক নিয়মাবলী ঃ

১. উত্তরপত্রের বান্ডেল প্রস্তুতকরণ

ক. তত্ত্বীয় লিখিত মূল উত্তরপত্র অনার্স বিষয় ও কোড ভিত্তিক পৃথক পৃথকভাবে অনধিক ৫০(পঞ্চাশ) টি করে সাজিয়ে তা ২টি করোগেটেড শীটের (একটি নীচে অপরটি উপরে) ভিতরে রাখতে হবে অতঃপর প্রতিটি বান্ডেলের জন্য ১টি বান্ডেল লেবেলে কোর্স কোড সঠিকভাবে লিখে বান্ডেলের উপরের করোগেটেড শীটে আঠা দিয়ে লাগিয়ে বান্ডেলটি শক্ত সুতলী দিয়ে মজবুত করে চারদিকে প্যাঁচিয়ে বেঁধে মোটা **সাদা মার্কিন কাপড়** দিয়ে মুড়িয়ে সেলাই ও গালাসীল করে উত্তরপত্রের চূড়ান্ত বান্ডেল প্রস্তুত করতে হবে।

খ. উত্তরপত্র এবং বান্ডেল লেবেলে কোনক্রমেই কেন্দ্রের সীলমোহর, ভারপ্রাপ্ত কর্মকর্তার সীল অথবা অন্য কোন চিহ্ন ব্যবহার করা যাবে না। যদি এ রকম কোন চিহ্ন থাকে তবে কেন্দ্র বাতিলসহ কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার বিরুদ্ধে বিধি মোতাবেক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

গ. প্রত্যেক দিনের পরীক্ষা শেষ হওয়ার সাথে সাথেই বান্ডেল-এর কাজ সুসম্পন্ন করে উত্তরপত্রসমূহ ঐ দিনই **জনাব মুহম্মদ মহিবুল হাসান উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, তৃতীয় বর্ষ অনার্স, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪** এই ঠিকানায় পাঠাতে হবে। যদি কোন বিশেষ কারণে ঐ দিন পার্সেল করা সম্ভব না হয় তাহলে থানা/ট্রেজারীতে তা সংরক্ষণ করতে হবে। **কোন অবস্থাতেই উত্তরপত্র কেন্দ্রে রাখা যাবে না।**

ঘ. **পরীক্ষা শুরু হওয়ার পূর্বে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ও সকল পরিদর্শক ঐ দিন অনুষ্ঠিতব্য প্রতিটি বিষয়ের কোর্স কোড নম্বর সম্পর্কে নিশ্চিত হবেন এবং পরীক্ষা হলের প্রতিটি কক্ষের সংশ্লিষ্ট বিষয়ের সকল পরীক্ষার্থীকে তা বিশেষভাবে অবহিত করবেন এবং সকল পরীক্ষার্থী তাদের উত্তরপত্রের নির্ধারিত স্থানে নির্ধারিত বিষয়ের কোর্সকোড, রোল নম্বর লিখেছে এবং সে অনুযায়ী বৃত্ত ভরাট করেছে- এ মর্মে নিশ্চিত হয়ে উত্তরপত্রের নির্ধারিত স্থানে সংশ্লিষ্ট পরিদর্শক স্বাক্ষর করবেন।**

ঙ. পরীক্ষার্থী স্বাক্ষরলিপিতে স্বাক্ষর করেছে কিনা এবং উত্তরপত্রের ক্রমিক নম্বর সঠিকভাবে নির্ধারিত স্থানে উঠানো হয়েছে কিনা তা নিশ্চিত করে হল পরিদর্শকগণ প্রতি স্বাক্ষর করবেন। স্বাক্ষরলিপিতে উত্তরপত্রের সঠিক ক্রমিক নম্বর অবশ্যই লিখতে হবে।

চ. প্রতিদিনের পরীক্ষা শেষে কেন্দ্র থেকে বহিস্কৃত পরীক্ষার্থীদের উত্তরপত্র রিপোর্টসহ আলাদাভাবে প্যাকেট করে প্যাকেটের উপর **'বহিস্কৃত'** শব্দটি লাল কালি দিয়ে লিখে তা **উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, তৃতীয় বর্ষ অনার্স, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪** ঠিকানায় রেজিষ্টার্ড ডাকযোগে/ হাতে হাতে প্রেরণ করতে হবে।

ছ. গাজীপুর জেলার কেন্দ্র সমূহের উত্তরপত্র ও OMR ফরমের প্রথম অংশ জাতীয় বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে নির্দিষ্ট সময়ের ভিতর হাতে হাতে সংশ্লিষ্ট শাখায় জমা দিতে হবে।

২. উত্তরপত্রের কভার পৃষ্ঠায় OMR এর প্রথম অংশ প্যাকেট/বান্ডেল প্রস্তুত করণ এবং প্রেরণের নিয়মাবলী ঃ

ক) উত্তরপত্রের কভার পৃষ্ঠায় OMR ফরমের প্রথম অংশ পরীক্ষা শেষে খুব সাবধানে (পারপোরেশন অনুযায়ী) সঠিকভাবে বিচ্ছিন্ন করতে হবে। উত্তরপত্রের কভার পৃষ্ঠার প্রথম অংশসমূহ অনুর্ধ ২৫০ (দুইশত পঞ্চাশ) টি করে রোল নম্বর ক্রমানুসারে সাজিয়ে বিষয় ও কোর্স কোড অনুযায়ী পৃথক পৃথকভাবে সরবরাহকৃত করোগেটেড শীটের বক্স প্যাকেটে ঢুকিয়ে চিকন সুতা প্যাঁচিয়ে **সাদা মার্কিন কাপড়** দিয়ে মুড়িয়ে সেলাই ও গালাসীল করতে হবে।

খ) পরীক্ষার্থীর রোল নম্বর অথবা কোর্স কোড লিখতে যদি ভুল হয় তাহলে তা একটানে কেটে সঠিকটি লিখতে হবে। বৃত্ত ভরাটে ভুল হলে তা ইরেজার দ্বারা **ঘষা মাজা না করে/ব্লেড দ্বারা না মুছে/ সাদা ফ্লুইড না লাগিয়ে** সঠিক বৃত্তটি পূনরায় ভরাট করতে হবে। এ ক্ষেত্রে একই সারিতে একাধিক বৃত্ত ভরাট থাকতে পারে। ভুল বৃত্ত ভরাটকৃত OMR ফরমগুলি আলাদাভাবে প্যাকেট করার প্রয়োজন নাই।

-চলমান-

গ) উল্লিখিত সকল বিষয়ের **OMR** প্যাকেটসমূহের উপরে প্রথমে **সাদা মার্কিন কাপড়** লাগিয়ে সেলাই ও গালাসীল করে **প্রতিদিন পরীক্ষা শেষে পরীক্ষা কমিটির একজন সদস্যের তত্ত্বাবধানে OMR** ফরম ট্রেজারী অফিসে সংরক্ষণের ব্যবস্থা করে জমাদানের রশিদ গ্রহণ করতে হবে। সকল তত্ত্বীয় পরীক্ষা শেষে পরবর্তী দিন এক জন সিনিয়র শিক্ষকের তত্ত্বাবধানে সমূদয় **OMR** ফরম ট্রেজারী অফিস থেকে উত্তোলন করে চটের বস্তায় গালাসীল করে জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্ব-স্ব আঞ্চলিক কেন্দ্রের পরিচালকের নিকট জমা দিতে হবে। উল্লেখ্য, ট্রেজারী অফিসে **OMR** ফরম জমাদান উত্তোলনের ডকুমেন্টস্ একই সঙ্গে আঞ্চলিক কেন্দ্রে অবশ্যই দাখিল করতে হবে।

ঘ) উপরে উল্লিখিত 'ক' এর প্রতিটি প্যাকেটের জন্য ০২ (দুই) কপি টপসীট তৈরী করতে হবে। টপসীটে উত্তরপত্রের রোল নম্বরসমূহ, অনুপস্থিত পরীক্ষার্থীদের রোল নম্বরসমূহ, বহিস্কৃত/অভিযুক্ত পরীক্ষার্থীদের রোল নম্বরসমূহ লিখতে হবে। **টপসীটের প্রথম কপি প্যাকেটের ভিতরে** এবং ২য় কপি সংশ্লিষ্ট কেন্দ্রে নিরাপদে সংরক্ষণ করতে হবে।

৩. **২০১৬ সালের তৃতীয় বর্ষ অনার্স (বিশেষ) পরীক্ষার সকল তত্ত্বীয় কোর্সের পরীক্ষা শেষ হবার ০৭ (সাত) দিনের মধ্যে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা/প্রতিনিধি অথবা বিশেষ বাহক মারফত নিম্নবর্ণিত রেকর্ডপত্র/দ্রব্যাদি উপ-পরীক্ষা** নিয়ন্ত্রক, তৃতীয় বর্ষ অনার্স, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪ এর নিকট পাঠাতে হবে।

ক) পরীক্ষার্থীদের স্বাক্ষরলিপি (রোল নম্বরের ক্রমানুসারে) অনার্স বিষয়ভিত্তিক কভার পৃষ্ঠা লাগিয়ে আলাদা আলাদা ভাবে বাঁধাই করে পাঠাতে হবে এবং বাঁধাইকৃত কভার পৃষ্ঠায় অনার্স বিষয়ের নাম ও কেন্দ্রের নাম লিখতে হবে।

খ) কক্ষ পরিদর্শকগণের নাম, ঠিকানা, নমুনা স্বাক্ষর এবং তাঁর পরিদর্শনকৃত কক্ষ নম্বরসহ তালিকা।

গ) প্রাপ্ত ও ব্যবহৃত উত্তরপত্রের হিসাবসহ অব্যবহৃত উত্তরপত্র।

ঘ) প্রাপ্ত ও ব্যবহৃত প্রশ্নপত্রের হিসাব।

ঙ) অনার্স বিষয়ভিত্তিক সকল অনুপস্থিত ও বহিস্কৃত পরীক্ষার্থীদের পৃথক তালিকা।

চ) বিশ্ববিদ্যালয় কর্তৃক সরবরাহকৃত পরীক্ষার সরঞ্জামাদির হিসাব ও উদ্ধৃত্ত মালামাল (সংশ্লিষ্ট ষ্টোর শাখায় জমা দিতে হবে)।

ছ) **স্বাক্ষরলিপি অর্থাৎ পরীক্ষার্থীদের হাজিরাপত্র ছাড়া পরীক্ষার ফলাফল প্রণয়নের কাজ মারাত্মকভাবে বিঘ্নিত হয় সেহেতু নির্ধারিত সময়ের ০৭ (সাত) দিনের মধ্যেই তৃতীয় বর্ষ অনার্স শাখায় জমা দেয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। এটা নিশ্চিত না হলে বিশ্ববিদ্যালয় ঐ কেন্দ্রের বিরুদ্ধে কঠিন পদক্ষেপ নিতে বাধ্য হবে।**

বিঃ দ্রঃ **অনার্স পরীক্ষার জন্য নির্ধারিত উত্তরপত্র ব্যতিত অন্য কোন উত্তরপত্রে তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষা গ্রহণ করা যাবে না।**

(বদরুজ্জামান)
পরীক্ষা নিয়ন্ত্রক(ভারপ্রাপ্ত)
জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর -১৭০৪।
ফোন ঃ ০২-৯২৯১০১৭

স্মারক নং-জাতীঃবিঃ/পরীঃ/৩য় বর্ষ অনার্স (বিশেষ)/২০১৬/২০১৭/ ১০৭৭

তারিখ ঃ ৩০ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ
১৪ নভেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো ঃ

১। অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তা (সংশ্লিষ্ট সকলকে উল্লিখিত নিয়মাবলী ও নির্দেশাবলী যথাযথভাবে অনুসরণের বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো)।
২। পরিচালক, স্ব-স্ব আঞ্চলিক কেন্দ্র, জাতীয় বিশ্ববিদ্যালয়।
৩। অফিস কপি।

১৪/১১/১৭

(মুহম্মদ মহিবুল হাসান)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর -১৭০৪।
ফোন ঃ ০২-৯২৯১০৪১